নিউইয়র্ক স্টেট টেম্পরারি এন্ড ডিজেবিলিটি অ্যাসিসট্যান্স অফিস

# সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (SNAP) চেঞ্জ রিপোর্ট ফর্ম

*(অনুগ্রহ করে পরিষ্কারভাবে প্রিন্ট করুন)*

কেস নম্বর

**আপনার পরিস্থিতিতে যে কোনো পরিবর্তনের জন্য আপনাকে অবশ্যই রিপোর্ট করতে হবে নিচে তালিকাভুক্ত নিয়ম অনুযায়ী।**

তারিখ: ______________

**এর কাছে:** ______________________________

**ঠিকানা:** ______________________________

______________________________

______________________________

**এই ফর্মটি পূরণ করুন এবং এখানে মেল করুন:**

স্থানীয় ডিস্ট্রিক্টের নাম, ঠিকানা এবং টেলিফোন নম্বর:

## পরিবর্তনগুলি রিপোর্ট করার জন্য আপনার দায়িত্ব

**অনুগ্রহ করে প্রশ্ন এবং নিয়মগুলি মনোযোগ সহকারে পড়ুন। আপনি যদি নিয়মের অধীনে রিপোর্ট করতে হতো এমন কোনো পরিবর্তনের রিপোর্ট করতে ব্যর্থ হন, তাহলে আমাদেরকে সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program, SNAP) সুবিধাগুলির অতিরিক্ত অর্থপ্রদানের জন্য একটি দাবি প্রতিষ্ঠা করতে হতে পারে এবং আপনার কাছ থেকে অতিরিক্ত পেমেন্টের পরিমাণ সংগ্রহ করতে হতে পারে।**

যে পরিবর্তনগুলি আপনাকে রিপোর্ট করতেই হবে তা নীচে ব্যাখ্যা করা হয়েছে। আপনি তাসত্ত্বেও স্বেচ্ছায় আপনার SNAP পরিবারের কোনো পরিবর্তনের রিপোর্ট করতে পারেন এবং, যদি এই পরিবর্তনটি আপনার সুবিধার মাত্রা বাড়িয়ে দেয় এবং আপনি এই পরিবর্তনটি প্রতিপাদন করেন, তাহলে আমরা আপনার সুবিধা বাড়িয়ে দেব।

**আপনি কি একজন "সিমপ্লিফায়েড রিপোর্টার (SIMPLIFIED REPORTER)" (6 মাস) নাকি "চেঞ্জ রিপোর্টার (CHANGE REPORTER)"?** আপনি একজন "সিমপ্লিফায়েড রিপোর্টার" নাকি "চেঞ্জ রিপোর্টার" তা জানতে আপনি এই প্রশ্নগুলির উত্তর দিতে পারেন।

| | | |
|---|---|---|
| **1.** আপনি কি ট্রানজিশনাল SNAP বেনিফিট (TBA) পান? | ☐ **হ্যাঁ - পৃষ্ঠা 3-এ "TBA"-তে যান।** (2 থেকে 8 পর্যন্ত প্রশ্নগুলি এড়িয়ে যান) | ☐ **না** - নিচের প্রশ্ন #2-এ যান |
| **2.** আপনি কি নিউ ইয়র্ক স্টেট নিউট্রিশন ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (New York State Nutrition Improvement Project, NYSNIP) বা কম্বাইন্ড অ্যাপ্লিকেশন প্রজেক্ট (New York State Combined Application Project, NYSCAP) এর সুবিধাসমূহ পান?<br>আপনি কি এল্ডারলি সিমপ্লিফায়েড অ্যাপ্লিকেশন প্রোজেক্ট (Elderly Simplified Application Project, ESAP) এর সুবিধাসমূহ পান? | ☐ **হ্যাঁ – পৃষ্ঠা 3 এ "NYSNIP/NYSCAP" এ যান** (3 থেকে 8 পর্যন্ত প্রশ্নগুলি এড়িয়ে যান)<br>☐ **হ্যাঁ – পৃষ্ঠা 3 এ "ESAP" এ যান** (3 থেকে 8 পর্যন্ত প্রশ্নগুলি এড়িয়ে যান) | ☐ **না –** নীচের, প্রশ্ন #3-এ যান |
| **3.** আপনি কি একবারে তিন মাস বা তার কম সময়ের জন্য SNAP সুবিধার জন্য প্রত্যয়িত? | ☐ **হ্যাঁ - পৃষ্ঠা 2 এ "চেঞ্জ রিপোর্টিং" এ যান** (4 থেকে 8 পর্যন্ত প্রশ্নগুলি এড়িয়ে যান) | ☐ **না –** নীচের, প্রশ্ন #4-এ যান |
| **4.** আপনার পরিবারের কেউ কি উপার্জন করেছেন যা আপনার SNAP সুবিধার পরিমাণে গণনা করা হচ্ছে? | ☐ **হ্যাঁ - পৃষ্ঠা 2 এ "সিমপ্লিফায়েড রিপোর্টিং" এ যান** (5 থেকে 8 পর্যন্ত প্রশ্নগুলি এড়িয়ে যান) | ☐ **না –** নীচের, প্রশ্ন #5-এ যান |
| **5.** আপনার পরিবারের সকল প্রাপ্তবয়স্ক (18 বছর বা তার বেশি বয়সী) কি স্থায়ীভাবে অক্ষম বা 60 বছরের বা তার বেশি বয়সী? | ☐ **হ্যাঁ - পৃষ্ঠা 2 এ "চেঞ্জ রিপোর্টিং" এ যান** (6 থেকে 8 পর্যন্ত প্রশ্নগুলি এড়িয়ে যান) | ☐ **না –** নীচের, প্রশ্ন #6-এ যান |
| **6.** আপনার পরিবার কি 0 মার্কিন ডলার আয় করে (0 মার্কিন ডলার টেম্পরারি অ্যাসিসট্যান্স সহ) | ☐ **হ্যাঁ - পৃষ্ঠা 2 এ "চেঞ্জ রিপোর্টিং" এ যান** (7 থেকে 8 পর্যন্ত প্রশ্নগুলি এড়িয়ে যান) | ☐ **না –** নীচের, প্রশ্ন #7-এ যান |
| **7.** আপনি কি আশ্রয়হীন (আবাসিক নন) বা একজন অভিবাসী/ঋতু-নির্ভর ফার্মকর্মী? | ☐ **হ্যাঁ - পৃষ্ঠা 2 এ "চেঞ্জ রিপোর্টিং" এ যান** (প্রশ্ন 8 এড়িয়ে যান) | ☐ **না –** নীচের, প্রশ্ন #8-এ যান |
| **8.** আপনি উপরের 7টি প্রশ্নেরই "না" উত্তর দিয়েছেন | ☐ **হ্যাঁ - পৃষ্ঠা 2 এর শীর্ষে "সিমপ্লিফায়েড রিপোর্টিং" এ যান** | |

**সিমপ্লিফায়েড রিপোর্টিং এর নিয়মসমূহ:** "সিমপ্লিফায়েড রিপোর্টিং" নিয়মের অধীনে একটি SNAP পরিবার হিসাবে, নিম্নলিখিত তিনটি পরিস্থিতি ব্যতিরেকে আপনাকে শুধুমাত্র আপনার পরবর্তী রিসার্টিফিকেশনের সময় পরিবর্তনগুলি রিপোর্ট করতে হবে:

1. **যদি আপনার পরিবারের গ্রস মাসিক আয় দারিদ্র্য স্তরের 130% অতিক্রম করে, তাহলে যে মাসে আপনি 130% স্তর ছাড়িয়ে গেছেন সেই ক্যালেন্ডার মাস শেষ হওয়ার 10 দিনের মধ্যে আপনাকে অবশ্যই এই মাসিক রাশিটি আপনার সামাজিক পরিষেবা ডিস্ট্রিক্টে টেলিফোনে, লিখিতভাবে বা ব্যক্তিগত-উপস্থিতিতে জানাতে হবে**। গ্রস আয় হল কর এবং অন্যান্য বিয়োজ্য বাদ দেয়ার আগে আয়ের পরিমাণ, আপনার চেক ক্যাশ করার সময় আপনি যে পরিমাণ পান তা নয়। SNAP সুবিধার জন্য আপনার যোগ্যতা নির্ধারণ করতে আমাদের অবশ্যই গ্রস আয়টি ব্যবহার করতে হবে। আপনার আয়তনের একটি পরিবারের জন্য দারিদ্র্য স্তরের 130% মানে কী তা আপনার কর্মী ব্যাখ্যা করবে। আপনি দারিদ্র্য স্তরের 130% এর বেশিতে আছেন কিনা তা জানার জন্য উপার্জনের পাশাপাশি আপনি যে অন্য কোনো ধরনের আয় পান তা অবশ্যই আপনার গ্রস উপার্জিত আয়ের সাথে যোগ করতে হবে। আয়ের অন্যান্য উৎস যা গণনা করা হয় তাতে অন্তর্ভুক্ত রয়েছে আপনার প্রাপ্ত চাইল্ড সাপোর্ট (child support), আনএমপ্লয়েড ইনস্যুরেন্স(Unemployment Insurance), টেম্পরারি অ্যাসিসট্যান্স (Temporary Assistance, TA) পেমেন্ট, ওয়ার্কার্স কম্পেন্সেশন (Workers Compensation), সোশ্যাল সিকিউরিটি বেনিফিটস (Social Security Benefits), সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (Supplemental Security Income, SSI) এবং প্রাইভেট ডিস্যাবিলিটি পেমেন্টস (private disability payments)।

   আপনি যদি কোনো ক্যালেন্ডার মাসে আপনার মোট আয় দারিদ্র্য স্তরের 130% এর উপরে তা রিপোর্ট করতে ব্যর্থ হন, সেই মাসের পরে প্রাপ্ত সমস্ত সুবিধাগুলি অতিরিক্ত পেমেন্ট হিসাবে বিবেচিত হতে পারে। ভবিষ্যতের মাসে আপনার মোট আয় 130% দারিদ্র্য স্তরের নিচে নেমে গেলেও এটি সত্য হবে।

2. **যদি আপনার পরিবারের সার্টিফিকেশন পিরিয়ড 6 মাসের বেশি হয়:** আপনার সার্টিফিকেশন পিরিয়ডের মধ্যে একটি ছয় মাসের চেকপয়েন্টে, আপনি একটি পিরিয়ডিক রিপোর্ট ফর্ম পাবেন যা আপনাকে ফর্মটি পাওয়ার পর দশ দিনের মধ্যে **অবশ্যই** ফেরত দিতে হবে। আপনার পরিবারের যদি নীচে তালিকাভুক্ত কোনো পরিবর্তন থাকে, তাহলে আপনাকে **অবশ্যই** সেই রিপোর্ট ফর্মে তা রিপোর্ট করতে হবে যেটি আপনাকে ছয় মাসের চেকপয়েন্টে পাঠানো হয়েছে।

   <u>**পরিবর্তনসমূহের তালিকা যা আপনাকে ছয় মাসের চেকপয়েন্টে অবশ্যই রিপোর্ট করতে হবে:**</u>

- আপনার পরিবারের যে কারোর জন্য **আয়ের কোনো উৎসে** পরিবর্তন
- আপনার পরিবারের মোট **উপার্জিত আয়ের** পরিবর্তন যখন একটি মাসে 125 মার্কিন ডলার এর বেশি বা কম হয়
- সোশ্যাল সিকিউরিটি বেনিফিটস বা আনএমপ্লমেন্ট ইনস্যুরেন্স এর মতো **একটি পাবলিক সোর্স থেকে** আপনার পরিবারের মোট **অ-উপার্জিত আয়ের** পরিবর্তন যখন একটি মাসে 125 মার্কিন ডলার এর বেশি বা কম হয়
- চাইল্ড সাপোর্ট পেমেন্টস বা প্রাইভেট ডিসেবিলিটি ইন্স্যুরেন্স এর মতো একটি **প্রাইভেট সোর্স থেকে** আপনার পরিবারের মোট **অ-উপার্জিত আয়ের** পরিবর্তন যখন মাসে 125 মার্কিন ডলার এর বেশি বা কম হয়
- আপনার SNAP পরিবারের বাইরের কোনো শিশুকে আপনি যে আইনগতভাবে বাধ্যতামূলক **চাইল্ড সাপোর্ট প্রদান করেন** তার পরিমাণে পরিবর্তন
- **আপনার সঙ্গে কারা থাকেন** সেই সংক্রান্ত পরিবর্তনসমূহ
- **যদি আপনি স্থানান্তর করেন,** আপনার নতুন ঠিকানা এবং আপনার নতুন ভাড়া বা বন্ধকী খরচ, হিট/এয়ার কন্ডিশনারের খরচ এবং ইউটিলিটি খরচ
- **একটি নতুন বা ভিন্ন গাড়ি,** বা অন্য যানবাহন
- আপনার পরিবারের **নগদ, স্টক, বন্ড, ব্যাংকে থাকা টাকা** বা সঞ্চয় প্রতিষ্ঠানের বৃদ্ধি যদি পরিবারের সকল সদস্যের মোট নগদ এবং সঞ্চয়ের পরিমাণ এখন 2,750 মার্কিন ডলার এর বেশি হয় (যদি আপনার পরিবারের কেউ অক্ষম বা 60 বছর বা তার বেশি বয়সী হয়ে থাকে তাহলে 4,250 মার্কিন ডলার এর বেশি)
- আপনার পরিবারের যেকোনো পরিবর্তন যার ফলে পৃষ্ঠা 6 এ বর্ণিত অনুসারে পেনাল্টি হবে

3. যদি আপনার SNAP পরিবারের কোনো একজন এবেল-বডিড অ্যাডাল্ট উইদাউট ডেপেন্ডেন্টস (Able-Bodied Adult Without Dependents, ABAWD) হন, তাহলে সেই মাস শেষ হওয়ার পরে 10 দিনের মধ্যে তাদের কাজের সময় প্রতি মাসে 80 ঘণ্টার নিচে চলে গেলে সেই ABAWD কে অবশ্যই ডিস্ট্রিক্টকে তা জানাতে হবে। ফেডারেল ABAWD প্রয়োজনীয়তা পূরণে সাহায্য করার জন্য ডিস্ট্রিক্ট ABAWD-কে একটি যোগ্য কাজের ক্রিয়াকলাপ অফার করবে এবং প্রদান করবে। যদি আপনার SNAP পরিবারের কোনো একজন ABAWD হন, তাহলে যদি আপনার পরিবার ফেডারেলভাবে অনুমোদিত ABAWD ছুট থাকা কোনো এলাকায় চলে যায় বা ABAWD বিশ্বাস করেন যে তাদের ABAWD প্রয়োজনীয়তা থেকে অব্যাহতি দেওয়া উচিত সেক্ষেত্রেও ABAWD-কে তা রিপোর্ট করা উচিত।

**চেঞ্জ রিপোর্ট করার নিয়ম:**

"চেঞ্জ রিপোর্টিং" নিয়মের অধীনে একটি SNAP পরিবার হিসাবে, যে মাসে পরিবর্তনটি ঘটেছে তা শেষ হওয়ার পরে 10 দিনের মধ্যে আপনাকে **অবশ্যই** নিম্নলিখিত পরিবর্তনগুলি রিপোর্ট করতে হবে:

- আপনার পরিবারের যে কারোর জন্য **আয়ের কোনো উৎসে** পরিবর্তন
- আপনার পরিবারের মোট **উপার্জিত আয়ের** পরিবর্তন যখন একটি মাসে 125 মার্কিন ডলার এর বেশি বা কম হয়
- সোশ্যাল সিকিউরিটি বেনিফিটস বা আনএমপ্লমেন্ট ইনস্যুরেন্স এর মতো **একটি পাবলিক সোর্স থেকে** আপনার পরিবারের মোট **অ-উপার্জিত আয়ের** পরিবর্তন যখন একটি মাসে 125 মার্কিন ডলার এর বেশি বা কম হয়
- চাইল্ড সাপোর্ট পেমেন্টস বা প্রাইভেট ডিসেবিলিটি ইন্স্যুরেন্স এর মতো একটি **প্রাইভেট সোর্স থেকে** আপনার পরিবারের মোট **অ-উপার্জিত আয়ের** পরিবর্তন যখন মাসে 125 মার্কিন ডলার এর বেশি বা কম হয়
- আপনার SNAP পরিবারের বাইরের কোনো শিশুকে আপনি যে আইনগতভাবে বাধ্যতামূলক **চাইল্ড সাপোর্ট প্রদান করেন** তার পরিমাণে পরিবর্তন
- **আপনার সঙ্গে কারা থাকেন** সেই সংক্রান্ত পরিবর্তনসমূহ
- **যদি আপনি স্থানান্তর করেন,** আপনার নতুন ঠিকানা এবং আপনার নতুন ভাড়া বা বন্ধকী খরচ, হিট/এয়ার কন্ডিশনারের খরচ এবং ইউটিলিটি খরচ
- **একটি নতুন বা ভিন্ন গাড়ি,** বা অন্য যানবাহন
- আপনার পরিবারের **নগদ, স্টক, বন্ড, ব্যাংকে থাকা টাকা বা সঞ্চয় প্রতিষ্ঠানের** বৃদ্ধি যদি পরিবারের কোনও বয়স্ক বা স্থায়ীভাবে অক্ষম পরিবারের সদস্য <u>**না থাকার ক্ষেত্রে**</u> পরিবারের সমস্ত সদস্যের মোট নগদ এবং সঞ্চয়ের পরিমাণ এখন একটি পরিবারের জন্য 2,750 মার্কিন ডলার এর বেশি হয় বা পরিবারের একজন বয়স্ক **বা** স্থায়ীভাবে অক্ষম পরিবারের সদস্যের <u>**থাকার ক্ষেত্রে**</u> 4,250 হয়।
- যদি আপনার SNAP পরিবারের কোনো একজন এবেল-বডিড অ্যাডাল্ট উইদাউট ডেপেন্ডেন্টস (ABAWD) হন, তাহলে সেই মাস শেষ হওয়ার পরে 10 দিনের মধ্যে তাদের কাজের সময় প্রতি মাসে 80 ঘণ্টার নিচে চলে গেলে সেই ABAWD কে অবশ্যই ডিস্ট্রিক্টকে তা জানাতে হবে। ফেডারেল ABAWD প্রয়োজনীয়তা পূরণে সাহায্য করার জন্য ডিস্ট্রিক্ট ABAWD-কে একটি যোগ্য কাজের ক্রিয়াকলাপ অফার করবে এবং প্রদান করবে। যদি আপনার SNAP পরিবারের কোনো একজন ABAWD হন, তাহলে যদি আপনার পরিবার ফেডারেলভাবে অনুমোদিত ABAWD ছুট থাকা কোনো এলাকায় চলে যায় বা ABAWD বিশ্বাস করেন যে তাদের ABAWD প্রয়োজনীয়তা থেকে অব্যাহতি দেওয়া উচিত সেক্ষেত্রেও ABAWD-কে তা রিপোর্ট করা উচিত।
- আপনার পরিবারের যেকোনো পরিবর্তন যার ফলে পৃষ্ঠা 6 এ বর্ণিত অনুসারে পেনাল্টি হবে

**ট্রানজিশনাল বেনিফিটস প্রাপ্তির ক্ষেত্রে পরিবারের জন্য TBA চেঞ্জ রিপোর্টিং:**

- ট্রানজিশনাল SNAP সুবিধাগুলি আপনার টেম্পরারি অ্যাসিসট্যান্স কেস বন্ধ হওয়ার পরে পাঁচ মাস পর্যন্ত চলতে পারে।
- ট্রানজিশন পিরিয়ড চলাকালীন আপনাকে পরিবর্তনের রিপোর্ট করতে হবে না। যদি আপনার কাছে পরিবর্তনসমূহ থাকে যেগুলি আপনার সুবিধাগুলিকে বাড়িয়ে তুলতে পারে তাহলে আপনি বৃদ্ধিটি পাওয়ার জন্য আপনার ট্রানজিশনাল পিরিয়ডের মধ্যে যে কোনো সময় একটি প্রাথমিক রিসার্টিফিকেশন আবেদন ফাইল করতে আপনার কর্মীর সাথে যোগাযোগ করতে পারেন। একটি স্বাক্ষরিত রিসার্টিফিকেশন আবেদন দাখিল না হওয়া পর্যন্ত এবং সম্পূর্ণ রিসার্টিফিকেশন প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত বৃদ্ধিটি করা যাবে না।
- আপনার ট্রানজিশনাল পিরিয়ড শেষ হওয়ার পরে আপনি SNAP সুবিধাগুলি পেতে পারেন কিনা তা দেখার জন্য আপনাকে অবশ্যই আপনার ট্রানজিশনাল পিরিয়ডের শেষের দিকে পুনরায় সার্টিফাই করতে হবে। আমরা আপনাকে এই রিসার্টিফিকেশনের প্রয়োজনীয়তার কথা মনে করিয়ে দেওয়ার জন্য একটি নোটিশ পাঠাব। আপনি যদি পুনঃপ্রত্যয়ন না করেন, তাহলে আমরা আপনাকে আর কোনো নোটিশ পাঠাব না এবং আপনার SNAP কেসটি অবশ্যই বন্ধ করা হবে।

**NYSNIP/NYSCAP-এ অংশগ্রহণকারীদের জন্য NYSNIP/NYSCAP চেঞ্জ রিপোরটিং:**

- NYSNIP বা NYSCAP-এ আপনার সার্টিফিকেশনের প্রায় মাঝ পথে, আপনি একটি "অন্তর্বর্তীকালীন যোগাযোগ (Interim Contact)" ফর্ম পাবেন যা আপনাকে অবশ্যই পূরণ করতে হবে এবং ফেরত দিতে হবে।
- অন্তর্বর্তীকালীন যোগাযোগের চিঠি ছাড়া, আপনাকে আপনার সার্টিফিকেশন পিরিয়ডে পরিবর্তনগুলি রিপোর্ট করতে হবে না। আপনি স্বেচ্ছায় আপনার চিকিৎসা খরচ, আশ্রয়ের খরচ, হিট/এয়ার কন্ডিশনারের খরচ, বা ইউটিলিটি খরচ, অথবা আপনার আয় কমে যাওয়ার বিষয়ে রিপোর্ট করতে পারেন। আপনি যদি এই পরিবর্তনগুলি রিপোর্ট করেন এবং প্রতিপাদন করেন তাহলে আপনি আরও SNAP সুবিধার জন্য যোগ্য হতে পারেন। আপনার করতেই হবে এমন না, কিন্তু আপনি যদি স্থানান্তর করেন তাহলে আপনার নতুন ঠিকানা রিপোর্ট করা উচিত, যাতে আপনি আমাদের পাঠানো যেকোনো নোটিশ পেতে থাকতে পারেন।

**ESAP-এ অংশগ্রহণকারীদের জন্য ESAP চেঞ্জ রিপোর্টিং:**

- ESAP পরিবারগুলিকে সিমপ্লিফায়েড রিপোর্টার হিসাবে বিবেচনা করা হয় তবে যে মাসে পরিবর্তনটি ঘটেছে সেটি শেষ হওয়ার পরে 10 দিনের মধ্যে নিম্নলিখিত পরিবর্তনগুলিও রিপোর্ট করতে হবে:
  - আপনার সঙ্গে কারা থাকেন সেই সংক্রান্ত পরিবর্তনসমূহ
  - পরিবারটির কেউ যদি উপার্জিত আয় পেতে শুরু করেন
  - যদি পরিবারের কোনো সদস্য একটি একক খেলায় কর বা উইথহোল্ডিংসের পূর্বে নগদ পুরস্কার হিসাবে 4,250 মার্কিন ডলার বা তার বেশি জিতে পর্যাপ্ত লটারি/জুয়া জিতে নেয়।
- ESAP শুরু হওয়ার 18 মাস পরে আপনি একটি যোগাযোগের চিঠি পাবেন। আপনার এই যোগাযোগের চিঠিটি ফেরত দেওয়ার প্রয়োজন নেই, তবে আপনি স্বেচ্ছায় তা করতে পারেন, এবং আপনার SNAP সুবিধাগুলি বৃদ্ধি হওয়ার আগে যেকোনো পরিবর্তনের নথিভুক্ত করতে হবে।

**টেম্পরারি অ্যাসিসট্যান্স (TA) রিপোর্টিং-এর নিয়ম:** উপরে তালিকাভুক্ত নিয়ম শুধুমাত্র SNAP এর ক্ষেত্রে প্রযোজ্য। আপনি যদি TA পেয়েও থাকেন, তাহলে আপনাকে এখনও পরিবর্তনের 10 দিনের মধ্যে, TA যোগ্যতার প্রশ্নাবলীতে এবং রিসার্টিফিকেশনে TA পরিবর্তনগুলি রিপোর্ট করতে হবে।

**এই ফর্মটি কখন ব্যবহার করবেন:**

এই ফর্মটি যেকোন প্রয়োজনীয় বা স্বেচ্ছায় পরিবর্তনের রিপোর্ট করতে ব্যবহার করা যেতে পারে। শিশু বা অক্ষম প্রাপ্তবয়স্কদের পরিচর্যার খরচের পরিবর্তনের জন্য, বা আশ্রয়ের খরচের পরিবর্তনের জন্য, এমনকি যদি আপনি স্থানান্তর না করেন তাহলেও আপনি এই ফর্মটি ব্যবহার করতে পারেন। যদি এই খরচগুলি বেড়ে যায় তাহলে আপনি আরও SNAP সুবিধার জন্য যোগ্য হতে পারেন।

যদি আপনার SNAP পরিবারের কোনো একজন এবেল-বডিড অ্যাডাল্ট উইদাউট ডেপেন্ডেন্টস (ABAWD) হন, তাহলে সেই মাস শেষ হওয়ার পরে 10 দিনের মধ্যে তাদের কাজের সময় প্রতি মাসে 80 ঘণ্টার নিচে চলে গেলে সেই ABAWD কে অবশ্যই ডিস্ট্রিক্টকে তা জানাতে হবে। ফেডারেল ABAWD প্রয়োজনীয়তা পূরণে সাহায্য করার জন্য ডিস্ট্রিক্ট ABAWD-কে একটি যোগ্য কাজের ক্রিয়াকলাপ অফার করবে এবং প্রদান করবে। যদি আপনার SNAP পরিবারের কোনো একজন ABAWD হন, তাহলে যদি আপনার পরিবার ফেডারেলভাবে অনুমোদিত ABAWD ছুট থাকা কোনো এলাকায় চলে যায় বা ABAWD বিশ্বাস করেন যে তাদের ABAWD প্রয়োজনীয়তা থেকে অব্যাহতি দেওয়া উচিত সেক্ষেত্রেও ABAWD-কে তা রিপোর্ট করা উচিত।

উপরে তালিকাভুক্ত সংস্থার কাছে এই ফর্মটি মেল করা উচিত, ফ্যাক্স করা উচিত বা নিয়ে আসা উচিত। যদি কোনো কারণে আপনি এই ফর্মটি মেল করতে, ফ্যাক্স করতে বা নিয়ে আসতে না পারেন, তাহলে আপনি myBenefits.ny.gov-এর মাধ্যমে অথবা এই ফর্মের পৃষ্ঠা 1-এ তালিকাভুক্ত টেলিফোন নম্বরে আমাদের কল করেও পরিবর্তনগুলি রিপোর্ট করতে পারেন।

**SNAP থেকে প্রত্যাহার করুন** - আপনি যদি আর SNAP সুবিধা পেতে না চান, তাহলে SNAP-এ অংশগ্রহণ থেকে প্রত্যাহার করতে এখানে সাইন ইন করুন। আপনার SNAP সুবিধাগুলি বন্ধ হয়ে যাবে। যদি আপনি মনে করেন যে আপনাকে SNAP সুবিধার জন্য আপনার যোগ্যতা সম্পর্কে ভুল বা অসম্পূর্ণ তথ্য দেওয়া হয়েছে তাহলে 90 দিনের মধ্যে একটি ন্যায্য শুনানির অনুরোধ করে আপনার এই প্রত্যাহারে প্রতিদ্বন্দ্বিতা করার অধিকার আছে। আপনার প্রত্যাহারের পর যে কোনো সময়ে আপনি SNAP সুবিধার জন্য পুনরায় আবেদন করতে পারেন।

X________________________________________________

**আপনি যদি আপনার পরিবারের পরিবর্তনগুলি সম্পর্কে আপনাকে রিপোর্ট করতে হতো এমন কোনো তথ্য গোপন করেন, তাহলে ফলাফল হিসাবে আপনার প্রাপ্ত যেকোনো অতিরিক্ত SNAP সুবিধার মূল্য আমাদেরকে দেওয়ার জন্য আপনি বাধিত থাকবেন। যখন আপনাকে রিপোর্ট করার প্রয়োজন তখন যদি আপনি ইচ্ছাকৃতভাবে তথ্য গোপন করে থাকেন, তাহলেও আপনাকে SNAP থেকে অযোগ্য করা হতে পারে এবং ফৌজদারি বিচার চালানো হতে পারে (পৃষ্ঠা 6-এ সংযুক্ত "SNAP পেনাল্টি ওয়ার্নিং" দেখুন)।**

# পরিবর্তনগুলি রিপোর্ট করতে নীচের ফর্মটি ব্যবহার করুন।

**আয় বা আয়ের উৎসে পরিবর্তন** - আপনি যদি একজন সিমপ্লিফায়েড রিপোর্টার হন, তাহলে আপনার রিপোর্টিং নিয়মগুলি পৃষ্ঠা 2 থেকে শুরু করে ব্যাখ্যা করা হয়েছে। আপনি যদি একজন চেঞ্জ রিপোর্টার হন, তাহলে আপনার রিপোর্টিং নিয়মগুলিও পৃষ্ঠা 2-এ ব্যাখ্যা করা হয়েছে।

| আয় গ্রহণকারী ব্যক্তির নাম | নিয়োগকর্তার নাম বা আয়ের উৎস | নতুন রাশি | যদি কর্মরত হয়, তাহলে **প্রতি সপ্তাহে** কাজ করা মোট ঘন্টার সংখ্যা, | কত ঘন ঘন গৃহীত |
|---|---|---|---|---|
| 1. | | মার্কিন ডলার | | |
| 2. | | মার্কিন ডলার | | |
| 3. | | মার্কিন ডলার | | |

**পরিবারে পরিবর্তন** - সদ্যজাত শিশু সহ আপনার পরিবারের সকল নতুন সদস্যদের নীচে তালিকাভুক্ত করুন। এছাড়াও সেইসকল সদস্যদের তালিকাভুক্ত করুন যারা চলে এসেছেন বা বেরিয়ে গেছেন অথবা মারা গেছেন।

| নাম | জন্ম তারিখ | সম্পর্ক | পরিবর্তন (একটিতে টিক দিন) | তারিখ | কত ঘন ঘন গৃহীত (সাপ্তাহিক, দ্বি-সাপ্তাহিক, মাসিক) | যদি কর্মরত হয়, তাহলে **প্রতি সপ্তাহে** কাজ করা মোট ঘন্টার সংখ্যা, | আয়ের উৎস |
|---|---|---|---|---|---|---|---|
| 1. | | | ☐ পরিবারে এসেছেন<br>☐ পরিবারে থেকে চলে গেছেন | | মার্কিন ডলার | | |
| 2. | | | ☐ পরিবারে এসেছেন<br>☐ পরিবারে থেকে চলে গেছেন | | মার্কিন ডলার | | |
| 3. | | | ☐ পরিবারে এসেছেন<br>☐ পরিবারে থেকে চলে গেছেন | | মার্কিন ডলার | | |
| 4. | | | ☐ পরিবারে এসেছেন<br>☐ পরিবারে থেকে চলে গেছেন | | মার্কিন ডলার | | |

**ঠিকানার পরিবর্তন**

| নতুন মেইল করার ঠিকানা | সিটি | স্টেট | জিপ কোড |
|---|---|---|---|
| | | | |

| আপনার যদি একটি রাস্তার ঠিকানা না থাকে, তাহলে আপনার বাড়ির পথনির্দেশনা দিন (যদি আপনি গৃহহীন হন, তাহলে খালি রাখুন) | টেলিফোন নম্বর যেখানে আপনাকে পাওয়া যেতে পারে<br>( )<br>এরিয়া কোড |
|---|---|

**আবাসন খরচে পরিবর্তন** - আপনি যদি স্থানান্তর করে থাকেন তাহলে আপনাকে অবশ্যই নীচে আপনার নতুন খরচ তালিকাভুক্ত করতে হবে। এমনকি যদি আপনি স্থানান্তর নাও করে থাকেন, তাওলেও আপনি এই বিভাগটি ব্যবহার করে আমাদের বলতে পারেন যে আপনার ভাড়া, বন্ধকী পেমেন্ট বা অন্যান্য খরচ পরিবর্তিত হয়েছে।

আপনি কি একজন রুমার বা বোর্ডার? ☐ হ্যাঁ ☐ না যদি হ্যাঁ হয়, তাহলে কি খাবার ☐ অন্তর্ভুক্ত রয়েছে ☐ অন্তর্ভুক্ত নেই

| **ভাড়া** | হ্যাঁ | না | যদি হ্যাঁ হয়, তাহলে মাসিক রাশি জানান | পরিবর্তন (একটিতে টিক দিন) |
|---|---|---|---|---|
| আপনি কি **ভাড়ার** অর্থপ্রদান করেন? | ☐ | ☐ | মার্কিন ডলার | ☐ একই ☐ বেশি ☐ কম |
| আপনি কি আপনার **ভাড়া** থেকে **আলাদা** করে নিম্নলিখিতগুলির জন্য অর্থ প্রদান করেন? | হ্যাঁ | না | | |
| • হিট এবং/অথবা এয়ার কন্ডিশনিং | ☐ | ☐ | | |
| • ইউটিলিটি (বিদ্যুৎ, রান্নার গ্যাস, আবর্জনা, ইত্যাদি) | ☐ | ☐ | | |
| **বন্ধকী পেমেন্ট** | হ্যাঁ | না | যদি হ্যাঁ হয়, তাহলে মাসিক রাশি জানান | পরিবর্তন (একটিতে টিক দিন) |
| আপনার কি কোনো **বন্ধকী** পেমেন্ট আছে? | ☐ | ☐ | মার্কিন ডলার | ☐ একই ☐ বেশি ☐ কম |
| আপনি কি আপনার **বন্ধকী** থেকে **আলাদা** করে নিম্নলিখিতগুলির জন্য অর্থ প্রদান করেন? | হ্যাঁ | না | যদি হ্যাঁ হয়, তাহলে মাসিক রাশি জানান | পরিবর্তন (একটিতে টিক দিন) |
| • সম্পত্তি করসমূহ | ☐ | ☐ | মার্কিন ডলার | ☐ একই ☐ বেশি ☐ কম |
| • গৃহ বীমা | ☐ | ☐ | মার্কিন ডলার | ☐ একই ☐ বেশি ☐ কম |
| • হিট এবং/অথবা এয়ার কন্ডিশনিং | ☐ | ☐ | | |
| • ইউটিলিটি (বিদ্যুৎ, রান্নার গ্যাস, আবর্জনা, ইত্যাদি) | ☐ | ☐ | | |

আপনি কি সেকশন 8 বা অন্য ভর্তুকিযুক্ত আবাসনে থাকেন? ☐ হ্যাঁ ☐ না

আপনি কি পাবলিক হাউজিং এ থাকেন? ☐ হ্যাঁ ☐ না

**গাড়ি বা যানবাহনের সংখ্যার পরিবর্তন** - শেষবারের মতো আপনি যখন আমাদের যানবাহনের কথা বলেছিলেন তারপরে কি আপনার পরিবারের কেউ কোনো গাড়ি, ট্রাক, নৌকা, ক্যাম্পার, মোটরসাইকেল বা অন্য যানবাহন ক্রয়, বিক্রয় বা সওদা করেছেন?

| তৈরি করুন | মডেল | বছর | যদি বিক্রয় হয়ে থাকে, তাহলে প্রাপ্ত রাশি |
|---|---|---|---|
| 1. | | | **মার্কিন ডলার** |
| 2. | | | **মার্কিন ডলার** |
| 3. | | | **মার্কিন ডলার** |

| | |
|---|---|
| **সঞ্চয়ে পরিবর্তন** - আপনার পরিবারের সদস্যদের কাছে এখন **মোট** কত টাকা আছে তার তালিকা করুন। নগদ, সেভিংস অ্যাকাউন্ট, চেকিং অ্যাকাউন্ট, স্টক, বন্ড বা অন্যান্য বিনিয়োগ অন্তর্ভুক্ত করুন। আপনার পরিবারের সঞ্চয় 2,750 মার্কিন ডলার এর **বেশি** হলে (আপনার পরিবারের কেউ যদি 60 বছর বা তার বেশি বয়সী হন বা অক্ষম হিসাবে নির্ধারিত হয়ে থাকেন তাহলে 4,250 মার্কিন ডলার এর বেশি) আপনাকে অবশ্যই আমাদের জানাতে হবে। | **মার্কিন ডলার** |

**শিশু পরিচর্যা, নির্ভরশীলদের পরিচর্যার খরচ বা প্রদত্ত চাইল্ড সাপোর্টের রাশিতে পরিবর্তন** - আপনার শিশু পরিচর্যা বা নির্ভরশীলদের পরিচর্যার খরচ কি পরিবর্তিত হয়েছে? যদি তাই হয়, তাহলে আপনি আরও SNAP সুবিধার জন্য যোগ্য হতে পারেন।

| পরিবর্তন (একটিতে টিক দিন) | কার জন্য? | আপনি কাকে অর্থপ্রদান করবেন? | নতুন রাশি | আপনি কত ঘন ঘন অর্থপ্রদান করবেন? |
|---|---|---|---|---|
| 1. ☐ আর কোনো খরচ নেই<br>☐ খরচ রয়েছে | | | **মার্কিন ডলার** | |
| 2. ☐ আর কোনো খরচ নেই<br>☐ খরচ রয়েছে | | | **মার্কিন ডলার** | |
| 3. ☐ আর কোনো খরচ নেই<br>☐ খরচ রয়েছে | | | **মার্কিন ডলার** | |

**চিকিৎসা খরচে পরিবর্তন (ডাক্তার, ডেন্টিস্ট, হাসপাতাল, প্রেসক্রিপশন ইত্যাদি) –** আপনাকে শুধুমাত্র রিসার্টিফিকেশনে আপনার চিকিৎসা খরচের চেঞ্জ রিপোর্ট করতে হবে। যদিও, আপনি স্বেচ্ছায় পরিবারের সেই সকল সদস্যদের জন্য যে কোনো সময়ে আপনার চিকিৎসা খরচের পরিবর্তনের রিপোর্ট করতে পারেন, যারা:

- 60 বছর বা তার বেশি বয়সী
- অক্ষম স্বামী/স্ত্রী বা একজন প্রয়াত সৈনিকের সন্তান
- সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI) পাচ্ছেন
- সোশ্যাল সিকিউরিটি ডিসঅ্যাবিলিটি (Social Security Disability) পেমেন্ট পাচ্ছেন
- ভেটারান্স ডিসঅ্যাবিলিটি বেনিফিটস (veterans' disability benefits) পাচ্ছেন
- গভর্নমেন্ট ডিসঅ্যাবিলিটি রিটায়েরমেন্ট বেনিফিটস (government disability retirement benefits) পাচ্ছেন
- রেলরোড রিটায়েরমেন্ট ডিসঅ্যাবিলিটি বেনিফিটস (Railroad Retirement disability benefits) পাচ্ছেন
- ডিসঅ্যাবিলিটি-বেসড মেডিক্যাল অ্যাসিস্টেন্স পাছেন

আপনি যদি রিপোর্ট করেন এবং আপনার চিকিৎসা ব্যয় বৃদ্ধির বিষয়টি প্রতিপাদন করেন, তাহলে আপনি আরও SNAP সুবিধার জন্য যোগ্য হতে পারেন।

| নাম | খরচের ধরন | প্রাপ্ত | কত ঘন ঘন প্রতিটি পেমেন্ট বকেয়া হয়? |
|---|---|---|---|
| | | **মার্কিন ডলার** | |
| | | **মার্কিন ডলার** | |
| | | **মার্কিন ডলার** | |
| | | **মার্কিন ডলার** | |

| | |
|---|---|
| **যে পরিবর্তনগুলি আপনি রিপোর্ট করেছেন আপনি কি পরের মাসে সেগুলি জারি থাকবে বলে আশা করেন?** | ☐ হ্যাঁ ☐ না |

যদি "**না**" হয় তাহলে ব্যাখ্যা করুন:

| | |
|---|---|
| **আপনার SNAP পরিবার সম্পর্কে আপনার <u>রিপোর্ট করার মতো কোনো পরিবর্তন না থাকলে</u> এখানে টিক দিন** | ☐ কোনো পরিবর্তন নেই |

## সুবিধাসমূহতে পরিবর্তন

আপনার পরিবারের সুবিধাগুলি পরিবর্তিত হবে কিনা তা দেখতে আমরা এই ফর্মের আপনার উত্তরগুলি ব্যবহার করব। আমরা আপনার সুবিধাগুলি পরিবর্তন করার আগে, কী ঘটবে তা ব্যাখ্যা করে আমরা আপনাকে একটি নোটিশ পাঠাব। আপনি যদি আমাদের সিদ্ধান্তের সাথে একমত না হন, তাহলে আমাদের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার জন্য একটি ন্যায্য শুনানির অধিকার আপনার আছে।

**পৃষ্ঠা 6 পড়তে এবং সাইন করতে ভুলবেন না** ➔

## সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (SNAP) এর পেনাল্টি সতর্কতা

**SNAP পেনাল্টি সতর্কতা -** SNAP-এর জন্য আপনার আবেদনের সাথে সম্পর্কিত আপনার প্রদান করা যেকোনো তথ্য ফেডারেল, স্টেট এবং স্থানীয় কর্মকর্তাদের দ্বারা যাচাই করা হবে। কোনও তথ্য ভুল হলে, আপনাকে SNAP নাও দেওয়া হতে পারে। আপনি যদি জ্ঞাতসারে এমন কোনো ভুল তথ্য প্রদান করেন যা সুবিধার পরিমাণের যোগ্যতাকে প্রভাবিত করে তাহলে আপনি ফৌজদারি মামলার অধীন হতে পারেন। প্রবেশন বা প্যারোলের শর্ত লঙ্ঘন করছেন এমন কেউ বা অপরাধের জন্য বিচার, হেফাজত বা কারাবাস এড়াতে পালিয়ে বেড়াচ্ছেন এমন কেউ এবং আইন প্রয়োগকারীর দ্বারা সক্রিয়ভাবে অনুসৃত হচ্ছেন এমন কেউ SNAP সুবিধাগুলি পাওয়ার যোগ্য নন।

যদি SNAP গৃহস্থালির কোনও সদস্য ইচ্ছাকৃত কর্মসূচি লঙ্ঘন (Intentional Program Violation, IPV) করেছে বলে প্রমাণ পাওয়া যায়, তাহলে সেই সদস্য SNAP সুবিধা থেকে নিম্নোক্ত সময়ের জন্য বঞ্চিত হবে:

- প্রথম SNAP-IPV-র জন্য 12 মাস;
- দ্বিতীয় SNAP-IPV-র জন্য 24 মাস;
- প্রথম SNAP-IPV-র জন্য 24 মাস, আদালত যদি রায় দেন যে সংশ্লিষ্ট ব্যক্তি SNAP সুবিধা ব্যবহার করেছেন বা প্রাপ্ত হয়েছেন কোন নিয়ন্ত্রিত মাদক/ঔষধ বিক্রয় প্রভৃতি লেনদেনে (অবৈধ মাদক বা নির্দিষ্ট কোন ঔষুধ যার জন্য একটি ডাক্তারের প্রেসক্রিপশন প্রয়োজন হয়);
- যদি পাওয়া যায় যে একসাথে একাধিক SNAP সুবিধা পাওয়ার জন্য আপনি কে বা আপনি কোথায় থাকেন সে সম্পর্কে একটি প্রতারণামূলক বিবৃতি দিয়েছেন, তাহলে 120 মাস যদি না তৃতীয় IPV-এর জন্য স্থায়ীভাবে অযোগ্য ঘোষণা করা হয়;

উপরন্তু, একটি আদালত একজন ব্যক্তিকে অতিরিক্ত 18 মাসের জন্য SNAP-এ অংশগ্রহণ থেকে বিরত রাখতে পারে।

একজন ব্যক্তিকে স্থায়ীভাবে অযোগ্য ঘোষিত করা:

- আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ বা বিস্ফোরক বিক্রির সাথে জড়িত একটি লেনদেনে SNAP সুবিধা ব্যবহার করা বা প্রাপ্ত করার আদালতের রায়ের ভিত্তিতে প্রথম SNAP-IPV;
- পাচারের অভিযোগে কোনো আদালত-কর্তৃক দোষী সাব্যস্ত করার উপর ভিত্তি করে প্রথম SNAP-IPV 500 ডলারের বা তার বেশি সম্মিলিত পরিমাণ SNAP সুবিধা (পাচারের অন্তর্ভুক্ত অবৈধ ব্যবহার, স্থানান্তর, অধিগ্রহণ, পরিবর্তন বা SNAP অনুমোদন কার্ড বা অ্যাক্সেস ডিভাইস কাছে থাকা);
- একজন ব্যক্তির নিয়ন্ত্রিত মাদক বিক্রয় জড়িত একটি লেনদেনে SNAP সুবিধা ব্যবহার করা বা প্রাপ্ত করার আদালতের রায়ের ভিত্তিতে দ্বিতীয় SNAP-IPV (অবৈধ ওষুধ বা নির্দিষ্ট কিছু ওষুধ যার জন্য ডাক্তারের প্রেসক্রিপশন প্রয়োজন);
- তৃতীয় SNAP ইচ্ছাকৃত প্রোগ্রামের সর্বপ্রকার লঙ্ঘন।

জ্ঞাতসারে ব্যবহার, স্থানান্তর, অধিগ্রহণ, পরিবর্তন বা SNAP অনুমোদন কার্ড রাখা বা অ্যাক্সেস ডিভাইস রাখার অপরাধের জন্য দোষী সাব্যস্ত কোনও ব্যক্তির 20 বছরের কারাবাস বা 250,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা বা উভয় শাস্তি হতে পারে। এছাড়াও প্রযোজ্য ফেডারেল ও স্টেট আইনের অধীনে সেই ব্যক্তির বিচার হতে পারে।

আপনাকে SNAP এর জন্য অযোগ্য ধরা হতে পারে বা আপনি একটি IPV সম্পাদন করেছেন বলে ধরে নেওয়া হতে পারে যদি:

- আপনি যদি যোগ্য হওয়ার জন্য বা আরো বেশি ভাতা পাওয়ার জন্য একটি মিথ্যা বা বিভ্রান্তিকর বিবৃতি, বা মিথ্যা বর্ণনা প্রদান করেন, তথ্য গোপন করেন বা না জানান; বা
- ইচ্ছাকৃতভাবে পণ্যটি ফেলে দিয়ে এবং ডিপোজিট পরিমাণের জন্য কন্টেইনারটি ফেরত দিয়ে নগদ অর্থ পাওয়ার জন্য SNAP ভাতা ব্যবহার করে কোনও পণ্য ক্রয় করা; বা
- SNAP ভাতা, অনুমোদন কার্ড বা ইলেকট্রনিক্স বেনিফিট ট্রান্সফার (Electronic Benefit Transfer, EBT) সিস্টেমের অংশ হিসেবে পুনরায় ব্যবহার করা যায় এমন নথির ব্যবহার, উপস্থাপনা, স্থানান্তর, অধিগ্রহণ, গ্রহণ, প্রক্রিয়াকরণ বা ট্র্যাফিক করার উদ্দেশ্যে এমন কোনও কাজ করা বা করার চেষ্টা করা যা ফেডারেল বা স্টেট আইন লঙ্ঘন করে।

অতিরিক্তভাবে, নিম্নলিখিতগুলি অনুমোদিত নয় এবং, আপনি SNAP সুবিধাগুলি পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হতে পারেন এবং/অথবা এমন ক্রিয়াকলাপের জন্য শাস্তির অধীন হতে পারেন যার মধ্যে রয়েছে:

- কার্ডের মালিকের অনুমতি ছাড়া আপনার নয় এমন EBT কার্ড ব্যবহার করা বা আপনার কাছে পাওয়া যাওয়া।
- SNAP ভাতা ব্যবহার করে খাদ্য নয় এমন পণ্য ক্রয় করা , যেমন অ্যালকোহোল বা সিগারেট, বা পূর্বে ক্রেডিট দিয়ে ক্রয় করা খাদ্যের মূল্য পরিশোধ করা; বা
- অন্য কাউকে নগদ, আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ বা বিস্ফোরক, বা ওষুধের বিনিময়ে আপনার ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার (EBT) কার্ড ব্যবহার করতে বা SNAP পরিবারের সদস্য নন এমন ব্যক্তিদের জন্য খাবার কেনার অনুমতি দেওয়া।

যদি আপনি আপনার যা প্রাপ্য তার চেয়ে বেশি SNAP সুবিধা পান (অতিরিক্ত পেমেন্ট), আপনাকে অবশ্যই তাদের ফেরত দিতে হবে। যদি আপনার কেস সক্রিয় থাকে, তাহলে আমরা ভবিষ্যতের SNAP সুবিধা থেকে অতিরিক্ত অর্থের প্রদানের পরিমাণ ফিরিয়ে নেব। আপনার কেস বন্ধ হয়ে গেলে, আপনি আপনার অ্যাকাউন্টে অবশিষ্ট যেকোন অব্যবহৃত SNAP সুবিধার মাধ্যমে অতিরিক্ত অর্থ পরিশোধ করতে পারেন, অথবা আপনি নগদ অর্থ প্রদান করতে পারেন।

যদি আপনার ওভার পেমেন্ট থাকে যা ফেরত দেওয়া হয়নি, সেটি সংগ্রহের জন্য, ফেডারেল সরকারের স্বয়ংক্রিয় সংগ্রহ সহ, রেফার করা হবে। ফেডারেল বেনিফিট (যেমন সোশ্যাল সিকিউরিটি) এবং ট্যাক্স রিফান্ড যা আপনি পাওয়ার অধিকারী তা অতিরিক্ত অর্থপ্রদানের জন্য ফেরত নেওয়া হতে পারে। ঋণটির উপর প্রসেসিং চার্জও ধার্য করা হবে।

আপনার EBT অ্যাকাউন্ট থেকে বাদ দেওয়া যেকোনো SNAP সুবিধা বর্তমান ওভার পেমেন্ট কমাতে ব্যবহার করা হবে। যদি আপনি আবার SNAP এর জন্য আবেদন করেন, এবং আপনার পাওনা টাকা পরিশোধ না করেন, তাহলে আপনি যদি আবার সেগুলি পেতে শুরু করেন তাহলে আপনার SNAP সুবিধাগুলি হ্রাস করা হবে। সেই সময়ে, আপনি যে পরিমাণ হ্রাসকৃত সুবিধা পাবেন, সে বিষয়ে আপনাকে অবহিত করা হবে।

### সার্টিফিকেশন

মিথ্যা তথ্য গোপন করা বা দেওয়ার শাস্তি আমি বুঝি। আমি এটাও বুঝি যে আমি যদি আমার পরিবারের পরিবর্তনগুলি সম্পূর্ণরূপে রিপোর্ট না করি তাহলে আমি যে কোনো অতিরিক্ত SNAP সুবিধার মূল্য প্রদান করার জন্য বাধিত থাকব। প্রয়োজন হলে রিপোর্ট করা যেকোনো পরিবর্তন প্রমাণ করতে আমি সম্মত। এই ফর্মের উত্তরগুলো আমার জ্ঞান অনুযায়ী সঠিক এবং সম্পূর্ণ। আমি বুঝি যে আমার স্বাক্ষর ফেডারেল, স্টেট এবং স্থানীয় কর্মকর্তাদের আমার দেওয়া তথ্য যাচাই করার জন্য অন্য ব্যক্তি বা সংস্থার সাথে যোগাযোগ করার অনুমতি দেয়।

| স্বাক্ষর | তারিখ |
| --- | --- |
| **X** | |